“তিন ধরণের লোকের উপর থেকে কলম উঠিয়ে নেয়া হয়েছে: ঘুমন্ত ব্যক্তি, যতক্ষণ না জাগ্রত হয়, নাবালেগ, যতক্ষণ না সে বালেগ হয় এবং পাগল, যতক্ষণ না জ্ঞানসম্পন্ন হয়”।

আলী রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন:
“তিন ধরণের লোকের উপর থেকে কলম উঠিয়ে নেয়া হয়েছে: ঘুমন্ত ব্যক্তি, যতক্ষণ না জাগ্রত
হয়, নাবালেগ, যতক্ষণ না সে বালেগ হয় এবং পাগল, যতক্ষণ না জ্ঞানসম্পন্ন হয়”।
[সহীহ] [সুনানে আবূ দাউদ, তিরমিযী, নাসায়ীর সুনানুল কুবরা, ইবনে মাজাহ ও মুসনাদে আহমদ]

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানান যে, এই তিনজন ব্যতীত আদম সন্তানের জন্য শরীয়ত পালন করা আবশ্যক: ছোট শিশু যতক্ষণ না সে বড় হয় এবং প্রাপ্তবয়স্ক হয়। আর সেই উন্মাদ যার বিবেক নিঃশেষ হয়ে গেছে যতক্ষণ না তার কাছে তার বিবেক ফিরে আসে। আর ঘুমন্ত ব্যক্তি যতক্ষণ না সে জাগ্রত হয়। শরীয়তের বাধ্যবাধকতা তাদের উপর থেকে তুলে নেওয়া হয়েছে এবং তাদের পাপ কাজ তাদের বিরুদ্ধে লিপিবদ্ধ করা হয় না, তবে ছোট শিশুর নেকী লিপিবদ্ধ করা হয় পাগল বা ঘুমন্ত ব্যক্তির নয়। কারণ তারা এমন এক জগতে রয়েছে অনুভূতি না থাকার কারণে যার ইবাদত শুদ্ধ নয়।

http://sunnah.global/hadeeth/bn/show/58148